AtlantiCare

| নীতি ও কার্যপ্রণালী | | | |
|---|---|---|---|
| *বিষয়:*<br>বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি | *ধরন* | | রোগীর অধিকার ও সংগঠনিক |
| *সুযোগের ক্ষেত্র:*<br>ARMC এর অবস্থান:<br>মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা, NJ<br>আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি, NJ<br>হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি, NJ,<br>ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ, NJ<br>ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস, NJ,<br>উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ<br>উন্ড কেয়ার, হ্যামন্টন, NJ,<br>অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা, NJ<br>চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ<br>স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন, NJ | *বিভাগ:* | | অর্থ |

**উদ্দেশ্য**: কোন সীমাবদ্ধতা ছাড়াই 1986 সালের অভ্যন্তরীণ রাজস্ব বিধিমালার ধারা 501(r), সংশোধন ও এর বাস্তবায়ন নিয়ন্ত্রণ বিধিমালাসহ কেন্দ্রীয়, রাজ্য ও স্থানীয় আইনের শর্ত পূরণ করাই ফিন্যান্সিয়াল অ্যাসিস্ট্যান্স পলিসি (#860), এবং ইমার্জেন্সি মেডিক্যাল স্ক্রিনিং, স্ট্যাবিলাইজিং ট্রিটমেন্ট, ট্রান্সফার অ্যান্ড অন কল রোস্টার পারসুয়ান্ট টু EMTALA পলিসি (#566) এবং সেইসাথে এই নীতির লক্ষ্য। আটলান্টিকেয়ার রিজিওন্যাল মেডিক্যাল সেন্টার (ARMC) কর্তৃক চিকিৎসা সেবার জন্য মূল্য পরিশোধ না করলে গ্রহণযোগ্য পদক্ষেপসমূহ এই নীতির ওপর প্রতিষ্ঠিত।

**সংজ্ঞা**:

**জরুরি সেবা** - ফিন্যান্সিয়াল অ্যাসিস্ট্যান্স পলিসি (#860)এর আওতায় আর্থিক সহায়তার জন্য যোগ্যতা বিবেচনা ছাড়াই ইমার্জেন্সি মেডিক্যাল ট্রিটমেন্ট অ্যান্ড অ্যাক্টিভ লেবার অ্যাক্ট (EMTALA) অনুসারে প্রদেয় প্রয়োজনীয় চিকিৎসা সেবা সংশ্লিষ্টদের দিতে হবে। আরও সুনির্দিষ্টভাবে, সেবাসমূহ এতে অন্তর্ভুক্ত: প্রয়োজনীয় কেন্দ্রীয় নিয়ন্ত্রণ বিধিমালার শিরোনাম 42 এর অধ্যায় IV'র উপ-অধ্যায় G, ট্রেজারি নিয়ন্ত্রণ বিধিমালা Treas. Reg.1.501(r) – 4(c)(3), এবং N.J.A.C. 8:43G-12.7

**অসাধারণ আদায় কার্যক্রম (ECAs)** - চিকিৎসা সেবার বিল আদায়ে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে ARMC নিচে সংজ্ঞায়িত যেকোন কার্যক্রম নিতে পারে:

1. সংশ্লিষ্ট ব্যক্তির ঋণ অন্য পক্ষের কাছে বিক্রি বা স্থানান্তর;
2. এজেন্সি বা ক্রেডিট ব্যুরোর কাছে ভোক্তার ক্রেডিটে বিরূপ তথ্য প্রদান;
3. পূর্বে প্রদত্ত সেবার জন্য অর্থ অনাদায়ের কারণে চিকিৎসাগত প্রয়োজনীয় সেবা প্রদানে বিলম্ব, প্রত্যাখ্যান বা পরিশোধের বাধ্যবাধকতা;
4. আইনি বা বিচারিক প্রক্রিয়া প্রয়োজন এমন কার্যক্রমের মধ্যে রয়েছে সম্পত্তি জামানত, বন্ধকী সম্পত্তির দখল, ব্যাংক হিসাব বা ব্যক্তিগত সম্পত্তি ক্রোক বা আটক, দেওয়ানি কার্যক্রম শুরু, গ্রেফতার বা হাজিরার আদেশ বা বেতন থেকে ঋণ সমন্বয়ের সমন, তবে তা এসবেই সীমাবদ্ধ নয়।

**আর্থিক সহায়তা** – ফিন্যান্সিয়াল অ্যাসিস্ট্যান্স পলিসি (আর্থিক সহায়তা নীতি) (FAP) (#860)'র আওতায় বিনামূল্যে বা ছাড়কৃত সেবার যোগ্য রোগীদের জরুরি বা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় অন্য কোন সেবার জন্য ARMC প্রদত্ত সহায়তা।

**তৃতীয় পক্ষ কর্তৃক ক্ষতিপূরণ** – (i) তৃতীয় পক্ষ বিমাকারক, (ii) ERISA পরিকল্পনা , (iii) কেন্দ্রীয়, রাজ্য ও স্থানীয় স্বাস্থ্যসেবা কর্মসূচি (সীমাবদ্ধতা ছাড়াই মেডিকেয়ার ও মেডিক্যাল অ্যাসিস্ট্যান্স) (iv)কর্মীদের ক্ষতিপূরণ (V)মেডিক্যাল সেভিংস আকাউন্টস্, বা (vi) তৃতীয়

| নীতি ও কার্যপ্রণালী | | |
|---|---|---|
| *বিষয়:* বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি | *ধরন* | রোগীর অধিকার ও সংগঠনিক |
| *সুযোগের ক্ষেত্র:* **ARMC এর অবস্থান:** **মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা**, NJ **আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি**, NJ **হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি**, NJ, **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ**, NJ **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস**, NJ, **উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ** **উন্ড কেয়ার, হ্যামন্টন**, NJ, **অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা**, NJ **চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ**, NJ **স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন**, NJ | *বিভাগ:* | অর্থ |

পক্ষের বিরুদ্ধে বিমার মাধ্যমে পূরণযোগ্য বিলের যেকোন অংশের জন্য অন্য ক্ষতিপূরণ দাবি যা ARMC কর্তৃক পরিশোধ্য, তবে বিমা কোম্পানি দ্বারা বাস্তব আদায় হলে কেবল তখনই তা আদায়যোগ্য হবে।

**কার্যধারা**:

**বিল প্রস্তুতকরণ**:

1. ARMC চিকিৎসা সেবার জন্য সেবা (জরুরি সেবা ব্যতীত অন্যান্য সেবা) প্রদানের সময় বা পূর্বে যেকোন রোগীর চিহ্নিত দায় পরিশোধে অনুরোধ করবে (বিমার মাধ্যমে পরিশোধযোগ্য দায়, কো-ইন্স্যুরেন্স বা কর্তন যা বিমার মাধ্যমে পরিশোধযোগ্যসহ, তবে এতেই সীমাবদ্ধ নয়)।

2. জরুরি সেবার ক্ষেত্রে, ARMC চিকিৎসা সেবার জন্য সেবা প্রদানের পর যেকোন রোগীর চিহ্নিত দায় পরিশোধে অনুরোধ করবে।

3. পূর্বে প্রদত্ত সেবার জন্য বকেয়া বিলের কারণে চিকিৎসাগত প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য বিলম্ব, প্রত্যাখ্যান বা পূর্ব পরিশোধের শর্ত আরোপ করবে না ARMC;

4. চিকিৎসা সেবা দেওয়ার সময় কোন রোগী ARMC-কে পরিশোধ না করলে ARMC তৃতীয় পক্ষের ক্ষতিপূরণ পরিশোধ প্রাপ্তির পর রোগীকে তার দায়ের জন্য বিল করবে।

5. আর্থিক সহায়তা পাওয়ার উপযুক্ত রোগী হলে, ARMC তৃতীয় পক্ষের ক্ষতিপূরণ আদায়ের পর বাকিটা মওকুফ করবে, রোগী এটা পরিশোধে বাধ্য নয়।

6. রোগীর দায় নিশ্চিত হওয়ার পর যত শীঘ্র সম্ভব ARMC যেকোন পরিমাণ বকেয়ার জন্য বিল করবে।

   a. রোগীর প্রথম হাসপাতাল ত্যাগের দায় বিবরণীতে 120 দিনের মেয়াদ শুরু চিহ্নিত করবে যে সময়ে কোন ECA's নেওয়া হবে না এবং যে সময়ে রোগীর দায় মেটানোর জন্য তার কাছে পৌঁছানোর "যুক্তিসঙ্গত প্রচেষ্টা" থাকবে।

AtlantiCare

| নীতি ও কার্যপ্রণালী | | | |
|---|---|---|---|
| *বিষয়:* **বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি** | *ধরন* | **রোগীর অধিকার ও সংগঠনিক** | |
| *সুযোগের ক্ষেত্র:* **ARMC এর অবস্থান:**<br>**মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা**, NJ<br>**আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি**, NJ<br>**হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি**, NJ,<br>**ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ**, NJ<br>**ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস**, NJ,<br>**উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ**<br>**উন্ড কেয়ার, হ্যামন্টন**, NJ,<br>**অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা**, NJ<br>**চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ**, NJ<br>**স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন**, NJ | *বিভাগ:* | **অর্থ** | |

**অভ্যন্তরীণ প্রক্রিয়া:**

1. কোন অ্যাকাউন্ট ব্যালান্স রোগীর ঋণ বলে গণ্য হলে এবং তা রোগীর এবং/ বা গ্যারান্টরের দায় হলে, বিল প্রস্তুতকরণ পদ্ধতি হিসাবটিকে বিবরণী মেইলার (statement mailer) এর জন্য প্রস্তুত করবে।

2. বিবরণী মেইলার হাসপাতালের কাছে দেনাকে প্রতিফলিত করবে এবং পরিশোধের ও আর্থিক সহায়তা পেতে কিভাবে আবেদন করা যাবে তার নির্দেশনা দেবে।

3. ARMC কেবল একটি বিবরণী পাঠাবে, ARMC'র নির্বাচিত বিক্রেতাগণ সকল অতিরিক্ত বিবরণী প্রেরণ করবে।

4. সকল রোগীর দেনাযুক্ত অ্যাকাউন্ট রোগীর দেনা নিশ্চিত হওয়ার দিনে পূর্ব-সংগ্রহ প্রক্রিয়ার জন্য প্রস্তুত হবে।

**পূর্ব-সংগ্রহ প্রক্রিয়া:**

1. রোগীর অপরিশোধিত দেনার অ্যাকাউন্ট পূর্ব-সংগ্রহ প্রক্রিয়ার জন্য দৈনিক ভিত্তিতে নির্দিষ্ট পূর্ব-সংগ্রহ এজেন্সির কাছে প্রেরণ করা হবে।

2. ARMC'র প্রতিনিধি হিসেবে পূর্ব-সংগ্রহ এজেন্সি ঋণকারীর সঙ্গে কাজ করে, আদায়কারী এজেন্সি হিসেবে নয়।

3. গ্যারান্টরের শেষ নাম অনুসারে আলফা-স্প্লিটের মাধ্যমে পূর্ব-সংগ্রহ এজেন্সির সাথে অ্যাকাউন্টসমূহ উপস্থাপন করা হয়।

4. পূর্ব-সংগ্রহ এজেন্সি সেসব রোগীর ব্যবস্থা নেয় যারা ইঙ্গিত জানান যে, তাঁরা সহায়তার লক্ষ্যে ARMC'র আর্থিক পরামর্শদানকারী বিভাগের কাছে আর্থিকভাবে তাঁদের দায় মেটাতে পারবেন না।

5. ভর্তি বা নিবন্ধনের সময় সরল ভাষায় আর্থিক সহায়তার সংক্ষিপ্ত বিবরণের একটি কপি রোগীদের কাছে দেওয়া হয়।

6. আর্থিক সহায়তা নির্ধারণ চূড়ান্ত না হওয়া পর্যন্ত রোগীরা তাঁদের দেনা সংবলিত বিবরণী পেতে থাকেন। চূড়ান্ত হয়ে গেলে তাঁদের অ্যাকাউন্টে রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি যোগ্যতার ওপর ভিত্তি করে ছাড় দেওয়া হয়।

AtlantiCare

| **নীতি ও কার্যপ্রণালী** | | |
|---|---|---|
| *বিষয়:* **বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি** | *ধরন* | **রোগীর অধিকার ও সংগঠনিক** |
| *সুযোগের ক্ষেত্র:* **ARMC এর অবস্থান:**<br>**মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা**, NJ<br>**আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি**, NJ<br>**হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি**, NJ,<br>**ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ**, NJ<br>**ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস**, NJ,<br>**উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ**<br>**উন্ড কেয়ার, হ্যামন্টন**, NJ,<br>**অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা**, NJ<br>**চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ**, NJ<br>**স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন**, NJ | *বিভাগ:* | **অর্থ** |

7. পূর্ব-সংগ্রহ এজেন্সি রোগীদের প্রশ্ন নিয়ে (609) 272-2500 নম্বরে ARMC’র ব্যবসার অফিস ভেন্ডরদের ব্যবস্থাপনা দলের সাথে যোগাযোগ করারও পরামর্শ দেয়।

8. আর্থিক সহায়তার যেকোন কর্মসূচির জন্য আর্থিক সহায়তার অসম্পূর্ণ আবেদন দাখিল করলে হাসপাতাল কর্তৃপক্ষ কিভাবে আবেদন পূরণ করতে হবে সে ব্যাপারে রোগীদের বিজ্ঞপ্তি দেবে।

    a. আর্থিক সহায়তার আবেদন সম্পূর্ণ হলে এবং রোগীটি আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা নির্ধারণে প্রয়োজনীয় যথাযথ দলিলপত্র সংগ্রহ ও উপস্থাপন করার জন্য রোগীটিকে যুক্তিসঙ্গত পরিমাণ সময় দেওয়া হয়।

    b. আর্থিক সহায়তার সাক্ষাৎকারকালে রোগীকে আরও সহায়তার লক্ষ্যে অতিরিক্ত কী কী তথ্য বা দলিলপত্র প্রয়োজন তার একটি তালিকা তার হাতে দেওয়া হয়। এই তালিকা মেইল আকারেও দেওয়া যেতে পারে।

9. রোগীরা পূর্ব-সংগ্রহ এজেন্সিকে তাঁরা আর্থিক সহায়তার জন্য অনুমোদিত হয়েছেন বলে অবহিত করলে পূর্ব-সংগ্রহ এজেন্সি যথাযথ T-Code ক্লোজারের মাধ্যমে অ্যাকাউন্ট বন্ধ করে ARMC-কে ফিরিয়ে দেবে।
    a. পরে ARMC ক্ষতিপূরণের আওতা যাচাই করে ও যাচাইকৃত আওতা অনুসারে রোগীদের দেনা প্রক্রিয়া করে।

    b. ক্ষতিপূরণ পাওয়া না গেলে, পূর্ব-সংগ্রহ এজেন্সিকে পূর্ব-সংগ্রহ প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অ্যাকাউন্ট ফেরত দেওয়া হয়।

10. রোগীর আর্থিক সহায়তা পাওয়ার যোগ্যতা প্রত্যায়িত হলে ARMC রোগীর দেনা মেটানোর পর রোগী অতিরিক্ত যে পরিমাণ পরিশোধ করেছেন তা ফেরত দেবেন।

11. পূর্ব-সংগ্রহ এজেন্সি হয়তো সংগ্রহ করবে না বলে অনুমিত এবং প্রথম হাসপাতাল ত্যাগের 120 দিন সময়ের পর রোগীর দেনার বিবরণ অনুমোদনের পর অ্যাকাউন্টটি সাপ্তাহিক ভিত্তিতে ARMC’র কাছে প্রেরণ করা হয়।

AtlantiCare

| নীতি ও কার্যপ্রণালী | | |
|---|---|---|
| *বিষয়:* বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি | *ধরন* | রোগীর অধিকার ও সংগঠনিক |
| *সুযোগের ক্ষেত্র:* **ARMC এর অবস্থান:** **মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা**, NJ **আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি**, NJ **হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি**, NJ, **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ**, NJ **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস**, NJ, **উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ** **উন্ড কেয়ার, হ্যামন্টন**, NJ, **অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা**, NJ **চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ**, NJ **স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন**, NJ | *বিভাগ:* | অর্থ |

**সংগ্রহ কার্যক্রম**:

1. প্রথম হাসপাতাল ত্যাগের 120 দিন সময়ের পর রোগীকে সেবার জন্য দেনার বিবরণ জারি হলে ARMC অ্যাকাউন্টটিকে কু-ঋণ সংগ্রহকারী এজেন্সির কাছে পাঠিয়ে দেয় বা যেকোন ECAতে জড়িত হয়।
2. আর্থিক সহায়তা নীতি (#860)-এ বিধৃত সকল রোগীর জন্য বিজ্ঞপ্তি কার্যক্রম ARMC পর্যবেক্ষণ করবে।
3. রোগীর দেনার প্রথম বিবরণী পাওয়ার 120 দিন পর কোন রোগী ইতিবাচক সাড়া না দিলে ARMC অপরিশোধিত ব্যালান্সকে কু-ঋণ(অপরিশোধিত দেনা) হিসেবে আখ্যায়িত করবে।
4. এই নীতি অনুসারে অতিরিক্ত আদায়ের চেষ্টা হিসেবে কোন কু-ঋণ সংগ্রহ এজেন্সির কাছে কু-ঋণের হিসাব পাঠিয়ে দেয় ARMC।
5. কু-ঋণের শ্রেণিকরণ করা বা কু-ঋণ সংগ্রহ এজেন্সির কাছে পাঠানো সত্বেও আরও 120 দিনের জন্য অর্থাৎ রোগীর দেনার প্রথম বিবরণী পাওয়ার পর মোট 240 দিনের দরখাস্ত কালের জন্য ARMC'র আর্থিক সহায়তা নীতি (#860)-এ বিধৃত প্রক্রিয়া অনুসরণ করে একজন রোগী আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারেন।
6. FAP আবেদনকালের মধ্যে যেকোন সময় সংশ্লিষ্ট ব্যক্তিকে আর্থিক সহায়তার জন্য যোগ্য নির্ধারণ করা হলে, ARMC সংশ্লিষ্ট ব্যক্তিকে বিজ্ঞপ্তির মাধ্যমে তার উপযুক্ততা জানিয়ে দেবে এবং ARMC রোগীর দেনা মেটানোর পর রোগী কর্তৃক পরিশোধিত অতিরিক্ত পরিমাণ ফেরত দেবে।
7. ARMC যেকোন কু-ঋণ সংগ্রহ এজেন্সির সঙ্গে লিখিত চুক্তি করবে যার কাছে কু-ঋণ রেফার করা হবে। চুক্তিটি সংগ্রহ এজেন্সিকে ARMC'র আর্থিক সহায়তা নীতির আওতায় ARMC'র জন্য প্রযোজ্য আর্থিক সহায়তার জন্য উপযুক্ততা নির্ধারণ সাপেক্ষে একই কার্যক্রম পালনে বাধ্য করবে।
8. চুক্তিটি নিম্নের সবকিছু অন্তর্ভুক্ত করবে: সমাধিস্তম্ভ চুক্তিতে নিম্নলিখিত প্রতিটি বিষয় উল্লেখ থাকবে:

   a. কু-ঋণ অন্য পক্ষের কাছে বিক্রি বা স্থানান্তরে বাধা দেবে;
   b. পরিচর্যার জন্য পরিশোধ পেতে যেকোন ECA-এ জড়িত হওয়া থেকে সংগ্রহ এজেন্সিকে বাধা দেবে;

c. নির্ধারিত হারের অতিরিক্ত সুদ ধার্য করা থেকে বিরত রাখবে যে বিধিবিধান: ট্রেজারি নিয়ন্ত্রণ বিধিমালা § 6621(a)(2) দেনা বিক্রির সময় দেনার ওপর (বা অন্য রকম সুদের হার যা বিজ্ঞপ্তি বা অভ্যন্তরীণ রাজস্ব বুলেটিনে প্রকাশিত অন্য কোন নির্দেশিকার মাধ্যমে স্থিরীকৃত);

d. শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তি FAP উপযুক্ত মর্মে ARMC বা সংগ্রহ এজেন্সি কর্তৃক নির্ধারণ করার  ARMC কর্তৃক দেনা ফেরতযোগ্য বা প্রত্যাহারযোগ্য হয়;

e. শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তি FAP উপযুক্ত হিসাবে নির্ধারিত হলে এবং ARMC কর্তৃক দেনা ফেরতযোগ্য বা প্রত্যাহারযোগ্য হলে সংগ্রহ এজেন্সি চুক্তিতে বিদ্যমান কার্যক্রমে স্থির থাকতে হবে; যা আর্থিক সহায়তা নীতির অধীনে FAP উপযুক্ত হিসেবে সে যা পরিশোধ করছে তার থেকে বেশি সংশ্লিষ্ট ব্যক্তি সংগ্রহ এজেন্সি এবং ARMC-কে একত্রে পরিশোধ করে না তা নিশ্চিত করে।

9. কোন ECA চালু হবে না যতক্ষণ না চিফ ফিন্যান্সিয়াল অফিসার (CFO) বা VP, ফিন্যান্সিয়াল প্ল্যানিং চূড়ান্তভাবে এটা নির্ধারণ করে যে, সংশ্লিষ্ট ব্যক্তি আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা নির্ধারণে Treas. Reg. §1.501(r)-6-এর প্রয়োজনীয় "যুক্তিসঙ্গত প্রচেষ্টা" চালানো হয়েছে।

10. যুক্তিসঙ্গত প্রচেষ্টায় প্রয়োজন হবে:

a. ECA সূচিত হওয়ার অন্ততঃ 30 দিন পূর্বে এই মর্মে লিখিত বিজ্ঞপ্তি যে যোগ্য ব্যক্তির জন্য আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে, যে বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত:

i. আর্থিক সহায়তা – সহজ ভাষায় সংক্ষিপ্ত বিবরণ

ii. ARMC (বা অনুমোদিত অন্য পক্ষ) পাওনা আদায়ের বিষয়টি শুরু করতে চায় মর্মে ECA সনাক্তকরণ

iii. চূড়ান্ত সময়সীমার উল্লেখ থাকবে যার পর এরূপ ECA শুরু করা যাবে যা লিখিত বিজ্ঞপ্তি প্রদানের তারিখ থেকে অন্যূন 30 দিনের আগে হবে না;

b. ARMC'র আর্থিক সহায়তা নীতি এবং আবেদন প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তি কিভাবে সহায়তা পেতে পারে সে সম্পর্কে ECA শুরুর কমপক্ষে 30 দিন পূর্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে মৌখিকভাবে জানানোর যুক্তিসঙ্গত প্রচেষ্টা।

| নীতি ও কার্যপ্রণালী | | |
|---|---|---|
| *বিষয়:* **বিল প্রস্তুতকরণ ও সংগ্রহ নীতি** | *ধরন* | **রোগীর অধিকার ও সংগঠনিক** |
| *সুযোগের ক্ষেত্র:* **ARMC এর অবস্থান:** **মেইনল্যান্ড ক্যাম্পাস, পোমানা**, NJ **আটলান্টিক সিটি ক্যাম্পাস, আটলান্টিক সিটি**, NJ **হেল্থ প্লেক্স আটলান্টিক সিটি**, NJ, **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, এগ হার্বার টাউনশিপ**, NJ **ক্যান্সার সেন্টার ইন্সটিটিউট, কেপ মে কোর্টহাউস**, NJ, **উন্ড কেয়ার, এগ হার্বার টাউনশিপ, NJ** **উন্ড কেয়ার, হ্যামন্টন**, NJ, **অ্যাডাল্ট পার্শিয়াল কেয়ার, পোমানা**, NJ **চাইল্ড পার্শিয়াল কেয়ার, এগ হার্বার টাউনশিপ**, NJ **স্যাটেলাইট ইমার্জেন্সি ডিপার্টমেন্ট, হ্যামন্টন**, NJ | *বিভাগ:* | **অর্থ** |

11. আনুমানিক যোগ্যতার ওপর ভিত্তি করে যুক্তিসঙ্গত প্রচেষ্টা
    a. ARMC যুক্তিসঙ্গত প্রচেষ্টা চালিয়েছে বলে ধরে নেওয়া হবে যদি তারা এটা নির্ধারণ করে যে সংশ্লিষ্ট ব্যক্তি সেবার জন্য FAP যোগ্য, এবং তা সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক সরবরাহকৃত তথ্য বা পূর্ব FAP-যোগ্যতা নির্ধারণের ওপর ভিত্তি করে নয়;
    b. সংশ্লিষ্ট ব্যক্তি FAP, ARMC'র আওতায় সবচেয়ে সহজলভ্য সহায়তার চেয়ে কম সহায়তার জন্য আনুমানিকভাবে যোগ্য বলে নির্ধারিত হলে
        i. আনুমানিক FAP-যোগ্যতা নির্ধারণের ভিত্তি এবং FAP এর অধীনে অপেক্ষাকৃত অধিক সহজলভ্য সহায়তা পাওয়ার আবেদনের উপায় সম্পর্কে সংশ্লিষ্ট ব্যক্তিকে জানানো হয়;
        ii. পরিচর্যার জন্য ছাড়ের পরিমাণ পেতে ECA শুরুর পূর্বে অপেক্ষাকৃত অধিক সহজলভ্য সহায়তা পাওয়ার জন্য আবেদন করার যুক্তিসঙ্গত সময় সংশ্লিষ্ট ব্যক্তিকে দেয়;
        iii. সংশ্লিষ্ট ব্যক্তি 240 দিনের আবেদনকালে অপেক্ষাকৃত অধিক সহজলভ্য সহায়তা পাওয়ার জন্য পূরণকৃত FAP আবেদন দাখিল করলে, আটলান্টিকেয়ার হেল্থ সিস্টেম রোগীদের পরিচর্যার জন্য তাঁদের ছাড়ের পরিমাণ বিজ্ঞপ্তি দিয়ে জানাবে।
12. পূরণকৃত আর্থিক সহায়তার আবেদন দাখিলকৃত:
    a. সম্পূর্ণ আবেদন প্রাপ্তির পর ARMC যেকোন ECA স্থগিত করবে;
    b. FAP নির্ধারণ এবং নির্ধারণের ভিত্তি সম্পর্কে সংশ্লিষ্টদের লিখিতভাবে জানাবে;
    c. সংশ্লিষ্ট ব্যক্তি অপেক্ষাকৃত কম বিনামূল্যের সেবার জন্য FAP-যোগ্য হলে, সুযোগসুবিধা হবে নিম্নরূপ:
        i. রোগীর দেনা বিবরণী দেওয়া হবে যাতে কত দেনা, কিভাবে পরিমাণ নির্ধারণ করা হয়েছিল এবং সাধারণতঃ বিলকৃত পরিমাণ সম্পর্কে আরও তথ্য পাওয়ার উপায় বর্ণনা করা হয়েছে ("AGB")।

ii. FAP নির্ধারিত পরিমাণের অতিরিক্ত পরিশোধিত যেকোন পরিমাণ ফেরত প্রদান করা হবে;

iii. যেকোন ECA বাতিল করতে সহজলভ্য যৌক্তিক পদক্ষেপ নেয়া হবে।

d. সম্পূর্ণ FAP আবেদন পেলে এবং সংশ্লিষ্ট ব্যক্তি মেডিকেইডের জন্য উপযুক্ত হতে পারে বলে ARMC মনে করলে ARMC – সংশ্লিষ্ট ব্যক্তির মেডিকেইড আবেদন সম্পূর্ণ এবং মেডিকেইড যোগ্যতা নির্ধারণ না করা পর্যন্ত FAP যোগ্যতা নির্ধারণ স্থগিত রাখতে পারে।

13. অসম্পূর্ণ আর্থিক সহায়তার আবেদন দাখিল করা হলে:

a. আবেদনকালে সংশ্লিষ্ট ব্যক্তি অসম্পূর্ণ FAP আবেদন দাখিল করলে ARMC সংশ্লিষ্ট ব্যক্তিকে ঐ আবেদন সম্পূর্ণ করতে নিম্নরূপভাবে যুক্তিসঙ্গত সুযোগ দিতে পারে:

i. পরিচর্যার জন্য পাওনা আদায়ে যেকোন ECA স্থগিত ক'রে;

ii. সংশ্লিষ্ট ব্যক্তিকে লিখিত নোটিশ সরবরাহ করা যাতে উল্লেখ থাকবে FAP বা FAP আবেদন ফর্মের আওতায় প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য এবং/বা দলিলপত্র যা আবেদন সম্পূর্ণ করতে অবশ্যই জমা দিতে হবে এবং যাতে অন্তর্ভূক্ত থাকবে টেলিফোন নম্বর এবং অফিস বা বিভাগের অবস্থান যা FAP সম্পর্কে তথ্য প্রদান করতে পারবে এবং ভিন্ন হলে, অফিসের সঙ্গে যোগাযোগের তথ্য যা আবেদন প্রক্রিয়ায় সহায়তা করতে পারে।

b. "যুক্তিসঙ্গত প্রচেষ্টা"র জন্য শর্ত পূরণ হয়েছে মর্মে নির্ধারণ করা হয়ে গেলে, ECA-তে ARMC'র চিফ ফিন্যান্সিয়াল অফিসার বা VP, ফিন্যান্সিয়াল প্ল্যানিং কর্তৃক অনুমোদিত সীমা পর্যন্ত জড়িত হতে পারে ARMC।